

১। বানৌজা শের-ই-বাংলা।

ক। সিও'স টক। গত ২৪ আগস্ট ২০২২ তারিখ অত্র ঘাঁটির প্রশাসনিক ভবনে সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে অধিনায়ক নাবিকদের কর্মদক্ষতা এবং ব্যক্তি, বস্তু ও তথ্যের নিরাপত্তার উপর বিশেষ গুরুত্ব প্রদান করেন।



চিত্রঃ সিও'স টকের স্থির চিত্র

খ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক “বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপনা” শীর্ষক প্রকল্প পরিদর্শন। গত ০৩ আগস্ট ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল “বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপনা” শীর্ষক প্রকল্প পরিদর্শনের উদ্দেশ্যে অত্র ঘাঁটিতে আগমন করেন এবং কাজের অগ্রগতি সম্পর্কে খোঁজ খবর নেন।



চিত্র : “কমান্ডার খুলনা নৌ অঞ্চল” কর্তৃক ঘাঁটি পরিদর্শনের স্থির চিত্র

গ। ই ইন সি কর্তৃক “বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপনা” প্রকল্প পরিদর্শন। গত ১৩ আগস্ট ২০২২ মেজর জেনারেল যুবায়ের সালেহীন, এনইউপি, পিএসসি, বিএন-৩৪৮২ ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী সফরসঙ্গীসহ “বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপনা” চলমান প্রকল্পে কাজের অগ্রগতি পরিদর্শন করেন।



চিত্র : “ই ইন সি” কর্তৃক প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র

২। বানোজা তিতুমীর

ক। **জাতীয় শোক দিবস উদ্‌যাপন।** গত ১৫ আগস্ট ২০২২ তারিখ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষ্যে ঘাঁটিস্থ কেন্দ্রীয় মসজিদে ও নাবিক আবাসিক এলাকা মসজিদে পবিত্র কোরআন খতম এবং রুহের মাগফেরাত কামনা করে বাদ যোহর বিশেষ মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হল এবং জেসিও'স, পিও'স ও সিভিল মেস এবং নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়ে জাতির পিতার জীবনী নির্ভর বিশেষ প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। বিশেষ মোনাজাত ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত ঘাঁটিস্থ সকল সামরিক ও অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিশেষ মোনাজাত এবং বঙ্গবন্ধুর জীবনী নির্ভর বিশেষ প্রামাণ্য চিত্র প্রদর্শনের খন্ড চিত্র।

খ। **বার্ষিক ডিভিশন।** গত ২৮ আগস্ট ২০২২ তারিখ ০৮০৫ ঘটিকায় ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে বার্ষিক ডিভিশন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মোহাম্মদ অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি উপস্থিত থেকে গার্ড ও ডিভিশন পরিদর্শন করেন।



বার্ষিক স্ট্যাটিক ডিভিশন এর খন্ড চিত্র।

গ। **শুদ্ধাচার চর্চা পুরস্কার (ফ্রেস্ট) প্রদান।** গত ২২ আগস্ট ২০২২ তারিখ সকাল ০৯০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ সালে “জাতীয় শুদ্ধাচার চর্চা পুরস্কার” পাওয়া ব্যক্তিদের মাঝে অধিনায়ক বানোজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন ফ্রেস্ট প্রদান করেন।



২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ সালে “জাতীয় শুদ্ধাচার চর্চা পুরস্কার” পাওয়া ব্যক্তিদের মাঝে পুরস্কার বিতরণের খন্ড চিত্র।

সীমিত

ঘ। ধর্মীয় দৃষ্টিকোণ থেকে সৈনিক জীবনের তাৎপর্য ও গুরুত্ব উপর আলোচনা।

গত ০৮ আগস্ট ২০২২ তারিখ

সকাল ০৯০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে সৈনিক জীবনের তাৎপর্য ও গুরুত্ব উপর আলোচনা অনুষ্ঠিত হয়।



ধর্মীয় দৃষ্টিকোণ থেকে সৈনিক জীবনের তাৎপর্য ও গুরুত্ব উপর আলোচনার খন্ড চিত্র।

ঙ। চেক হস্তান্তর।

গত ১১ আগস্ট ২০২২ তারিখ অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক 'আশার আলো' স্কুলের উন্নয়নের জন্য টাকা ২,০০,০০০/০০ (টাকা দুই লক্ষ মাত্র) এর চেক প্রদান করা হয়। আশার আলো স্কুলের প্রিন্সিপাল মোঃ আনোয়ার হোসেন, (শিক্ষা), বিএন অধিনায়ক বানৌজা তিতুমীরের নিকট হতে চেকটি গ্রহণ করেন।



অধিনায়ক বানৌজা তিতুমীর কর্তৃক চেক হস্তান্তরের খন্ড চিত্র।

চ। সামরিক মর্যাদায় জানাজা নামাজ।

গত ১৮ আগস্ট ২০২২ তারিখ প্রাক্তন সঃ সংখ্যা ৯২০৬৪৬ এম আকরাম হোসেন, এমসিপিও(ই) বানৌজা আলী হায়দার/এফইও এ কর্মরত থাকা অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। সকাল ০৯০০ ঘটিকায় ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে সামরিক মর্যাদায় মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজার নামাজে কমান্ডার খুলনা নৌ অঞ্চলসহ ঘাঁটিস্থ কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল কর্মকর্তা, নাবিকগণ এবং অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



প্রাক্তন সঃ সংখ্যা ৯২০৬৪৬ এম আকরাম হোসেন, এমসিপিও(ই) জানাজার নামায়ের খন্ড চিত্র।

সীমিত

ছ। সিও'স টক। গত ২২ আগস্ট ২০২২ তারিখ ১০০০ ঘটিকায় বানৌজা তিতুমীর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণের আয়োজন করা হয়। বানৌজা তিতুমীরের কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণ এর খন্ড চিত্র।

জ। Passive Defence Exercise। গত ২৪ আগস্ট ২০২২ তারিখ বানৌজা তিতুমীর ঘাঁটিতে Passive Defence Exercise অনুষ্ঠিত হয়।



Passive Defence Exercise এর খন্ড চিত্র।

ঝ। মেডিক্যাল ইভাকুয়েশন। গত ২৮ আগস্ট ২০২২ তারিখ বানৌজা তিতুমীর এমটি পুলে কর্মরত পি নং ৫৮৩০ এম এ সান্তার, এমটিডিকে Acute Anterior MI (STEMI) With Acute Pulmonary Edema রোগের জন্য হেলিকপ্টার যোগে সিএমএইচ টাকায় প্রেরণ করা হয়।



এম এ সান্তার, এমটিডিকে হেলিকপ্টার যোগে সিএমএইচ টাকা প্রেরণ এর খন্ড চিত্র।

৩। বানৌজা মোংলা

ক। জাতীয় শোক দিবস উদ্‌যাপন। গত ১৫ আগস্ট ২০২২ তারিখ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন করা হয়।



প্রামাণ্যচিত্র প্রদর্শনের খন্ড চিত্র

খ। পুরস্কার বিতরণী অনুষ্ঠান। গত ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বিএনএফডব্লিউ উপ-চেয়ারম্যান কর্তৃক রচনা, চিত্রাঙ্কন, হামদ-নাত প্রতিযোগিতা, আলোচনা দোয়া ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।



পুরস্কার বিতরণী অনুষ্ঠানের খন্ড চিত্র

গ। বাৎসরিক প্যারেড পরিদর্শন - ২০২২। ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে বাৎসরিক প্যারেড পরিদর্শন-২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মোহাম্মদ অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি উপস্থিত থেকে গার্ড ও ডিভিশন পরিদর্শন করেন।



বাৎসরিক প্যারেড পরিদর্শনের খন্ড চিত্র

সীমিত

ঘ। জাতীয় শোক দিবস উদ্‌যাপন।

গত ১৫ আগস্ট ২০২২ তারিখে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিক ও জাতীয় শোক দিবস উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষ্যে ঘাঁটিস্থ অস্থায়ী মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে কোরান খতম ও বাদ যোহর বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এছাড়াও জাতীয় শোক দিবসে ১০০০ ঘটিকায় শীপস কোম্পানী বিনোদন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। উক্ত প্রদর্শনীতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল কর্মকর্তা, নাবিক এবং অসামরিক ব্যক্তিকর্গ উপস্থিত ছিলেন।



চিত্র : “প্রামাণ্য চিত্র ” প্রদর্শন ও বিশেষ দোয়া ও মোনাজাতের স্থির চিত্র

৪। সোলাম।

ক। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উদ্‌যাপন।

গত ১৫ আগস্ট ২০২২ তারিখ স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট এ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উদ্‌যাপন করা হয়। উক্ত দিনে বেলা ১০০০ ঘটিকায় ঘাঁটির ওয়ার্ড রুম এন্টি রুম, শীপস কোম্পানী ডাইনিং হল, এবং ১০তলা ট্রেনিং ব্লক লেকচার হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। উক্ত প্রদর্শনীতে ঘাঁটির অধিনায়কসহ সকল কর্মকর্তা, নাবিক ও অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত দিনে কোরআন খতম ও ঘাঁটিস্থ মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রুহের মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবারবর্গের কল্যাণ কামনা করে দোয়া করা হয়।



চিত্র : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উদ্‌যাপনের কয়েকটি মুহূর্ত।

খ। সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক

গত ২৩ আগস্ট ২০২২ তারিখ ০৯৩০ ঘটিকায় ঘাঁটিস্থ ১০তলা ট্রেনিং ব্লক লেকচার হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টকে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন ঘাঁটির নিরাপত্তা এবং ব্যক্তি, বস্তু ও তথ্যের নিরাপত্তা সম্পর্কে বক্তব্য প্রদান করেন।



চিত্র : সিও'স সিকিউরিটি লেকচার এবং সিও'স টক এর কয়েকটি মুহূর্ত।

গ। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক সোলাম পরিদর্শন

গত ২৫ আগস্ট ২০২২ কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অত্র ঘাঁটি পরিদর্শন করেন। তিনি অত্র ঘাঁটিতে চলমান ১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারিয়েট এ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী অফিসারদের ‘লিডারশীপ’ এর উপর লেকচার প্রদান করেন। পরবর্তীতে তিনি অত্র ঘাঁটিতে নির্মাণাধীন গার্ডরুম, মেইন গেট ও মসজিদসহ চলমান সকল উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন এবং কাজসমূহ যথাসময়ে সমাপ্তির জন্য নির্দেশ প্রদান করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক সোলাম ঘাঁটি পরিদর্শনের কয়েকটি মুহূর্ত।

ঘ। বাৎসরিক ডিভিশন-২০২২

গত ২৮ আগস্ট ২০২২ তারিখ ০৮৩০ ঘটিকায় স্কুল অব লজিস্টিকস এন্ড ম্যানেজমেন্ট এর বাৎসরিক ডিভিশন-২০২২ বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়। ডিভিশনে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম অনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ডিভিশন পরিদর্শন করেন এবং ডিভিশনের মান সন্তোষজনক ছিল বলে মত প্রকাশ করেন।



চিত্রঃ বাৎসরিক ডিভিশন-২০২২ এর কয়েকটি মুহূর্ত।

৪। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক)

ক। ‘জাতীয় শোক দিবস-২০২২’ উদযাপন।

গত ১৫ আগস্ট ২০২২ ‘জাতীয় শোক দিবস-২০২২’ উদযাপনের অংশ হিসেবে বিএন ডকইয়ার্ড মোংলা ওয়ার্কশপে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। উক্ত প্রামাণ্যচিত্র প্রদর্শনী অনুষ্ঠানে বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) এ কর্মরত কর্মকর্তাগণ এবং সকল স্তরের সামরিক ও অসামরিক ব্যক্তিবর্গ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।



চিত্রঃ ‘জাতীয় শোক দিবস-২০২২’ উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনী অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তা ও সামরিক ব্যক্তিবর্গ

সীমিত